



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ই-মেইল : pro@bhfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র অত্যাধুনিক ডাটা সেন্টার এর উদ্বোধন



সম্প্রতি বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের সদর দফতর ভবনে আধুনিক মানের ডাটা সেন্টার এর শুভ উদ্বোধন করেন বিএইচবিএফসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ। এ সময় পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্য মোঃ মনিরুজ্জামান, ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, তপন কুমার ঘোষ এবং বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক দেবশীষ চক্রবর্তীসহ মহাব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন। আধুনিক নিরাপত্তা ব্যবস্থায়ুক্ত এই ডাটা সেন্টারের মাধ্যমে বিএইচবিএফসি'র বিদ্যমান মাঠ পর্যায়ের ৮৪টি অফিসকে কেন্দ্রীয় তথ্য ব্যবস্থাপনায় আওতায় আনার পাশাপাশি গ্রাহকদের পূর্ণাঙ্গ অনলাইন সুবিধাসহ উন্নত প্রযুক্তি নির্ভর আধুনিক মানের সেবা নিশ্চিত করা সম্ভব হবে।